



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন প্রশাসন শাখা

নং-১৭.০০.৭২৭৪.০৩৫.৪৬.৩৪৯.২১-১২০৩


তারিখ: ০৭ আশ্বিন ১৪৩১
২২ সেপ্টেম্বর ২০২৪

বিষয়ঃ নির্বাচন ট্রাইব্যুনালের আদেশ অনুযায়ী সংশোধিত গেজেট বিজ্ঞপ্তি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে ০৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত **নেত্রকোণা** জেলার **নেত্রকোণা সদর** উপজেলার **কালিয়ারা গাবরাগাতি** ইউনিয়ন পরিষদের **০২নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য** পদে নির্বাচন ট্রাইব্যুনালের আদেশ অনুযায়ী সংশোধিত গেজেট বিজ্ঞপ্তির ১৫ (পনেরো) কপি প্রয়োজনীয় কার্য ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসংগে প্রেরণ করা হল।

০২। এমতাবস্থায়, এছাড়া মাননীয় আদালতের কোন স্থগিতাদেশ অথবা আইনগত কোন জটিলতা না থাকলে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া গেজেট বিজ্ঞপ্তির প্রাপ্তি স্বীকারপত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক



(মোঃ মিজানুর রহমান)

উপসচিব (চলতি দায়িত্ব)

ফোনঃ ৫৫০০৭৫৬৫

ফ্যাক্স নং-৫৫০০৬৬৭৭

মোবাইল: +৮৮-০১৫৫০০৪২০৫৩

mizanr63@yahoo.com


জেলা প্রশাসক
নেত্রকোণা

নং-১৭.০০.৭২৭৪.০৩৫.৪৬.৩৪৯.২১-১২০৩

তারিখ: ০৭ আশ্বিন ১৪৩১
২২ সেপ্টেম্বর ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা (০২ কপি)
- ২। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (০১ কপি) (নির্বাচন কমিশনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, **ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ** (০২ কপি)
- ৪। জেলা নির্বাচন অফিসার, **নেত্রকোণা** (০৩ কপি) [ইন্ট্রানেট হতে গেজেটের কপি জেলা প্রশাসক মহোদয় কে সরবরাহের অনুরোধ সহ]
- ৫। সিনিয়র সহকারী সচিব (নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২) (০২ কপি)
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, **নেত্রকোণা সদর, নেত্রকোণা** (০২ কপি)
- ৭। উপজেলা নির্বাচন অফিসার, **নেত্রকোণা সদর, নেত্রকোণা** (০২ কপি)
- ৮। নির্বাচন কমিশন সচিবালয় গ্রন্থাগার (০২ কপি), (গ্রন্থাগারে সংরক্ষণের জন্য)।

(মোঃ মিজানুর রহমান)
উপসচিব (চলতি দায়িত্ব)

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ৯, ২০২৪

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন প্রশাসন শাখা
সংশোধনী বিজ্ঞপ্তি

তারিখ: ২১ ভাদ্র ১৪৩১/০৫ সেপ্টেম্বর ২০২৪

নং ১৭.০০.৭২৭৪.০৩৫.৪৬.৩৪৯.২১-১১৯৬-মাননীয় আপীল বিভাগে সিপিএলএ নং-২৪৮৪/ ২০২৪ এর ১৫ জুলাই ২০২৪ তারিখের আদেশে মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৬৬৩০/২০২৪ এর ০৯ জুন ২০২৪ তারিখের আদেশকে ০৮ (আট) সপ্তাহের জন্য স্থগিত করায় নির্বাচনি ট্রাইব্যুনাল দরখাস্ত নং-০১/২০২১ এ প্রদত্ত ২০ নভেম্বর ২০২৩ তারিখের আদেশ অনুসারে নেত্রকোণা সদর উপজেলার কালিয়ারা গাবরাগাতী ইউনিয়ন পরিষদের ইতিপূর্বে ১১ নভেম্বর ২০২১ তারিখের অনুষ্ঠিত নির্বাচনে ০২ নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য পদের বেসরকারী এবং চূড়ান্ত ফলাফল বাতিল করে ভোট পুনঃগণনার প্রাপ্ত ফলাফল অনুযায়ী তাল গাছ প্রতীকের প্রার্থী আমেনা আক্তারকে বিজয়ী ঘোষণা করায় তাঁর দাখিলকৃত মনোনয়নপত্র অনুসারে নির্বাচন কমিশন এতদ্বারা গত ২৭ নভেম্বর ২০২১ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ১৭১৪৭ নং পৃষ্ঠায় প্রকাশিত ১ নং কলামে বর্ণিত 'কালিয়ারা গাবরাগাতী' এর বিপরীতে ২ নং কলামে বর্ণিত 'মোসাঃ শামছুন্নাহার, স্বামী-মৃতঃ মোঃ আতাউর রহমান, গ্রামঃ কালিয়ারা' এর পরিবর্তে 'আমেনা আক্তার, পিতাঃ মোঃ আক্বাছ মিয়া, গ্রামঃ গাবরাগাতী' শব্দ ও চিহ্নসমূহ প্রতিস্থাপন করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোহাম্মদ মনির হোসেন

উপসচিব।

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৪৯১৭)

মূল্য : টাকা ৪.০০